



# বাংলাদেশ ফুটবল ফেডারেশন

## BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ২৩-১১-২০২০

### সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের উদ্যোগে আজ ২৩ই নভেম্বর ২০২০ তারিখ হতে দিনাজপুর ও সাভার বিকেএসপিতে শুরু হয়েছে বিএফএফ এএফসি গ্রাসরুটস কোচিং কোর্স ২০২০। দিনাজপুরে ৩৮ জন ও সাভারে ৩৪ জন অংশগ্রহণকারী এ কোচিং কোর্সে অংশগ্রহণ করছে। পাঁচদিন ব্যাপী এ কোচিং কোর্স সমাপ্ত হবে আগামী ২৭ই নভেম্বর ২০২০ তারিখে।

উক্ত কোর্সে দিনাজপুর জোনে ইন্সট্রাক্টর হিসেবে আছেন জনাব উজ্জ্বল চক্রবর্তী শিবু ও জনাব আবদুল কাইয়ুম সেন্টু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দিনাজপুর জেলা ফুটবল অ্যাসোসিয়েশনের সভাপতি জনাব ওয়াহিদুজ্জামান দুলাল, সহ-সভাপতি জনাব আবদুল সাত্তার। এছাড়াও উপস্থিত ছিলেন দিনাজপুর বিকেএসপির সহকারী পরিচালক আকিনুর রহমান ও বাফুফে কর্মকর্তা জনাব মাহবুব আলম পলো, হেড অব কোচ এডুকেশন। অপরদিকে, সাভার বিকেএসপির কোর্স ইন্সট্রাক্টর হিসেবে আছেন জনাব সোহেল রহমান ও মিস মিরোনা। এছাড়া বিশেষ অতিথি ছিলেন বিকেএসপির ফুটবল ইনচার্জ শাহীনুল হক ও বাফুফে কর্মকর্তা জনাব মোস্তফা আনোয়ার পারভেজ, হেড অব এলিট ইয়ুথ।

বাফুফে ভবনে এ কোর্সটি আজ থেকে শুরু হওয়ার কথা থাকলেও বাফুফের সাবেক সহ-সভাপতি বাদল রায়ের প্রয়াণে বিশেষ শ্রদ্ধা জ্ঞাপনার্থে কোর্সটি স্থগিত করা হয়েছে; যা আগামীকাল ২৪ই নভেম্বর ২০২০ তারিখ থেকে শুরু হবে।

আহসান আহমেদ অমিত  
হেড অব মিডিয়া  
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।